

বরিশাল ইসলামিয়া কলেজের অধ্যক্ষের পদ ছিনতাই

বরিশাল ব্যুরো

বরিশাল শহরের ইসলামিয়া কলেজের অধ্যক্ষ মোঃ হানিফকে জোর করে চেয়ার থেকে তুলে দিয়ে নতুন অধ্যক্ষ নিয়োগ দেয়া হয়েছে। কলেজের গভর্নিং বডি'র সদস্য গোলাম ছিনতাই : পৃষ্ঠা : ২ কলাম : ৫

ছিনতাই : পদ

(শেষ পৃষ্ঠার পর্ব)

মাওলা তাকে চার্জ দিতে বাধ্য করেন বলে অধ্যক্ষ মোঃ হানিফ অভিযোগ করেন নতুন অধ্যক্ষ হয়েছেন শামসুদ্দিন খান পত বছরের ৯ ডিসেম্বর নিয়োগপ্রাপ্ত শামসুদ্দিন খান ৭ জানুয়ারি গভর্নিং বডি'র চেয়ারম্যান বিভাগীয় কমিশনারের কাছে যোগদানপত্র জমা দিলে বিশ্ববিদ্যালয়ের অনুমতি না থাকায় তিনি তা গ্রহণ করেননি।

মোঃ হানিফ জানান, এ কারণে তার কাছে এতদিন চার্জ দেয়া হয়নি। গোলাম মাওলা জানান, বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাধ্যতামূলক নয়। মোঃ হানিফেরও সে অনুমোদন ছিল না। এ প্রসঙ্গে মোঃ হানিফ জানান, তিনি '৯৫ সালে ওই কলেজে অধ্যক্ষের পদে যোগ দেয়ার সময় আইন ভেঙে ছিল। তখন তার বয়স ৬০ বছরের কম ছিল। বর্তমান আইনে ৬০ বছরের বেশি কেউ বেসরকারি কলেজে যোগদান করলে বিশ্ববিদ্যালয়ের অনুমতির প্রয়োজন। বিভাগীয় কমিশনার আগে ইসলামিয়া কলেজের গভর্নিং বডি'র চেয়ারম্যানের পদ থেকে সরে যান। তার প্রস্তাব অনুযায়ী অতিরিক্ত বিভাগীয় কমিশনারকে (সার্বিক) চেয়ারম্যান করা হয়। গভর্নিং বডি'র সঙ্গে মতের মিল না হওয়ায় তিনি সরে যান বলে মোঃ হানিফ জানান।